

GOVERNMENT OF WEST BENGAL
IRRIGATION & WATERWAYS DIRECTORATE
OFFICE OF THE SUB DIVISIONAL OFFICER

TILPARA BARRAGE SUB DIVISION
SURI * BIRBHUM

স্মারক সংখ্যা :- ১২১

তারিখ:-০৪ মার্চ ২০২৪

বিজ্ঞপ্তি

আগামী বুধবার ইং ২০/০৩/২০২৪ তারিখে তিলপাড়া ব্যারেজ সাব-ডিভিশন অফিসে বেলা ১২:৩০ মিঃ, সহকারী বাস্তুকার, তিলপাড়া ব্যারেজ সাব-ডিভিশনের তত্ত্বাবধানে তিলপাড়া ব্যারেজ জলাধারের মাছ ধরা ও বিক্রয়ের এক বৎসরের (মে ২০২৪ হইতে এপ্রিল'২০২৫ পর্যন্ত) অধিকার স্বত্ব প্রদানের নিলাম ডাক হইবে।

ডাকে অংশগ্রহনকারীদের আবেদন দেওয়ার শেষ সময় ইং ১৯/০৩/২০২৪, বেলা ১২:৩০ মিঃ পর্যন্ত।

এই বিষয়ে সবিস্তারে জানিবার জন্য সমস্ত মৎস্যজীবী কো: অপারেটিভ সোসাইটিধারীগনকে সহকারী বাস্তুকার, তিলপাড়া ব্যারেজ সাব-ডিভিশন অফিসে (সরকারী ছুটির দিন ব্যতিত) যোগাযোগ করিবার জন্য অনুরোধ জানানো যাইতেছে।

এল এন্ড এল আর রুলস ২০১৬, মোতাবেক কেবলমাত্র যোগ্যমৎস্যজীবী কো: অপারেটিভ সোসাইটিধারীগন এই নিলাম ডাকে অংশ গ্রহন করিতে পারিবেন।

মৎস্যদপ্তর নির্ধারিত সর্বনিম্ন অধিকার মূল্য ১,৬০,৫০০/- (এক লক্ষ ষাট হাজার পাঁচ শত টাকা মাত্র) নির্ধারিত সময়ের জন্য।

উপরিলিখিত সর্বনিম্ন অধিকার মূল্যের উপর ভিত্তি করিয়া এই নিলাম ডাক বা প্রক্রিয়া সংঘটিত হইবে।

প্রয়োজনে উচ্চাধিকারীক এই নিলাম বাতিল বা খারিজ করিতে পারেন।

এস ডি/-
সহকারী বাস্তুকার
তিলপাড়া ব্যারেজ সাব-ডিভিশন
সিউডী, বীরভূম

শর্তাবলী:-

- ১। উর্দ্ধতন কতৃপক্ষের নির্ধারিত সর্বনিম্ন মূল্যের উপর ডাক হইবে।
- ২। সরকারী নির্দেশ মোতাবেক ১৬০৫০/- (ষোলো হাজার পঞ্চাশ টাকা) সিকিউরিটি ডিপোজিট জমা দিয়া নিজ নিজ কো: অপারেটিভ সোসাইটিদের নাম নথিভুক্ত করিয়া নিলাম ডাকে অংশ গ্রহন করিতে পারিবেন।
- ৩। নিলাম সম্পূর্ণ হইবার পর কোনরূপ অভিযোগ গ্রহন করা হইবে না বা দপ্তর দায়বদ্ধ থাকিবে না।
- ৪। প্রয়োজনে নিলাম বাতিল বা পিছানোর পূর্ণ অধিকার কতৃপক্ষের থাকিবে।
- ৫। নির্বাহী বাস্তুকার কতৃক চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন না হওয়া পর্যন্ত সর্বোচ্চ ডাকদাতা গ্রহনযোগ্য বিবেচিত হইবে না।
- ৬। নির্বাহী বাস্তুকার কতৃক নিলাম পক্রিয়াটি চূড়ান্ত অনুমোদিত হইলে এবং সর্বোচ্চ ডাকদাতা গ্রহনযোগ্য বিবেচিত হইলে সর্বোচ্চ ডাকদাতাকে পরবর্তী নির্ধারিত সময়ের জন্য তিলপাড়া ব্যারেজ জলাধারের মাছ ধরা ও বিক্রয়ের অধিকার স্বত্ব প্রদান করা হইবে।
- ৭। নিলাম সম্পূর্ণ হইলে সর্বোচ্চ ডাকদাতা সম্পূর্ণ অর্থ পরের দিন ৩ ঘটিকার মধ্যে সরকারী কার্যালয়ে জমা দিতে বাধ্য থাকিবেন। অন্যথায় তাহার ডাক বাতিল বলিয়া গন্য হইবে ও তাহার সিকিউরিটি ডিপোজিট বাজেয়াপ্ত হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ ডাকধারী অগ্রাধিকার পাইবেন।
- ৮। নিলাম পর্ব সমাপ্ত হইবার পর সকল অসফল ডাকধারীগনকে সিকিউরিটি ডিপোজিট মূল্য তৎক্ষণাত উক্তস্থানে ফেরত দেওয়া হইবে এবং দ্বিতীয় ও তৃতীয় সর্বোচ্চ ডাকধারীগনকে পরের দিন ৩(তিন) ঘটিকার পর টাকা ফেরত দেওয়া হইবে।
- ৯। তিলপাড়া ব্যারেজ জলাধারের মাছ ধরিবার ক্ষেত্রে দপ্তরের নির্দিষ্ট নিয়ামবলী পালন করিতে হইবে অন্যথায় দপ্তর চুক্তি বাতিল করিবেন।
- ১০। আবেদনকারীদের বিগত ৩(তিন) বৎসরে যথাযোগ্য কাগজপত্র দাখিল করিতে হইবে অন্যথায় উহা বাতিল বলিয়া বিবেচিত হইবে।

এস ডি/-
সহকারী বাস্তুকার
তিলপাড়া ব্যারেজ সাব-ডিভিশন
সিউডী, বীরভূম

(পরের পৃষ্ঠায়)

- ১। অধীক্ষক বাস্তুকার, ময়ূরাক্ষী খাল মন্ডল ।
- ২। নির্বাহী বাস্তুকার ,ময়ূরাক্ষী সেচ ভূক্তি।
- ৩। কর্মাধক্ষ্য , মৎস্য ও প্রানী সম্পদ বিকাশ, বীরভূম জিলা পরিষদ,সিউড়ী, বীরভূম।
- ৪। সহকারী মৎস্য অধিকর্তা,সিউড়ী, বীরভূম।
- ৫। সভাপতি, ,সিউড়ী-১ পঞ্চায়েত সমিতি।
- ৬। সভাপতি, ,সিউড়ী-২ পঞ্চায়েত সমিতি।
- ৭। সমষ্টি উন্নয়ন আধিকারক, সিউড়ী-১সমষ্টি উন্নয়ন কার্যালয় ।
- ৮। সমষ্টি উন্নয়ন আধিকারক, সিউড়ী-২সমষ্টি উন্নয়নকার্যালয় ।
- ৯। প্রধান ,তিলপাড়া গ্রাম পঞ্চায়েত।
- ১০। জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ ব্যাপক হারে প্রচারের জন্য ।
- ১১। সেচ ও জলপথ দপ্তর ওয়েবসাইটে দেবার জন্য ।
- ১২। নোটিশ বোর্ড, তিলপাড়া ব্যারেজ সাব-ডিভিশন ।
- ১৩। নোটিশ বোর্ড, তিলপাড়া ব্যারেজ শাখা অফিস ।

এস ডি/-
সহকারী বাস্তুকার
তিলপাড়া ব্যারেজ সাব-ডিভিশন
সিউড়ী, বীরভূম